

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৪
www.lawjusticediv.gov.bd

নং- ১০.০০.০০০০.১২৮.১২.০০২.১৫(অংশ)-১৭৬

তারিখ : ১৭ বৈশাখ ১৪৩০
৩০ এপ্রিল ২০২৩


বিষয়: ফিডার পদধারী নাজির/সাঁটলিপিকারদের জ্যেষ্ঠতার তালিকা প্রণয়ন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আইন ও বিচার বিভাগের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন জেলা জজ আদালত, মহানগর দায়রা জজ আদালত, বিভাগীয় বিশেষ জজ আদালত, দ্রুত বিচার ট্রাইব্যুনাল, জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনালসহ অন্যান্য আদালত/ট্রাইব্যুনালের ফিডার পদধারীদের প্রশাসনিক কর্মকর্তার শূন্য পদে পদোন্নতি প্রদানের জন্য হালনাগাদ পূর্ণাঙ্গ জ্যেষ্ঠতা তালিকা প্রস্তুতের লক্ষ্যে চাকরি সংক্রান্ত তথ্য (সরকারি চাকরিতে যোগদানের তারিখ, ফিডার পদে যোগদানের তারিখ, সরকারি চাকরি ও ফিডার পদে চাকরির অভিজ্ঞতা, শিক্ষাগত যোগ্যতা (পাসের সনসহ), প্রার্থীর বিরুদ্ধে কোনো বিভাগীয়/ফৌজদারী মামলা/দুদকের মামলা চলমান আছে কিনা অথবা ইতঃপূর্বে এ ধরনের কোনো মামলায় শাস্তিপ্রাপ্ত কিনা) ইত্যাদি নির্ধারিত ফর্মে সুস্পষ্টভাবে উল্লেখক্রমে পত্র প্রাপ্তির ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে জরুরী ভিত্তিতে এ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০২। যে সমস্ত কর্মচারী জেলা জজ ও অধস্তন আদালতসমূহ এবং বিভাগীয় বিশেষ জজ আদালতসমূহ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৮৯ -এর প্রথম তফসিলের “ক” অংশের ১ নং ক্রমিকের কলাম ৫-এ বর্ণিত শর্তানুযায়ী জেলা জজ আদালতের নাজির হিসেবে ০২ (দুই) বছরসহ ২২ (বাইশ) বছর এবং জেলা জজ বা বিভাগীয় বিশেষ জজ বা অতিরিক্ত জেলা জজ বা সাব-জজ (যুগ্ম জেলা জজ) আদালতে বা বর্ণিত বিধিমালার আলোকে নিয়োগপ্রাপ্ত আদালত/ট্রাইব্যুনালের সাঁটলিপিকার হিসেবে ২২ (বাইশ) বছরের চাকরিকাল অতিক্রম করেছেন কেবল তারাই ফিডার পদধারী হিসেবে বিবেচিত হবেন।

০৩। উল্লেখ্য, শুধু জ্যেষ্ঠতার তালিকা প্রণয়নের জন্য চাকরি সংক্রান্ত তথ্য সংগ্রহের উদ্দেশ্যে এ পত্র জারি করা হলো। কোনো প্রকার বার্ষিক গোপনীয় অনুবেদন প্রেরণ না করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : ০২ (দুই) পাতা।


(মোর্শেদ আল মামুন ভূঁইয়া)

সিনিয়র সহকারী সচিব

ফোন : ২২৩৩৫৭৪১৬

Email : section4@lawjusticediv.gov.bd

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা ও দায়রা জজ, জেলা ও দায়রা জজ আদালত (সকল), -----।
২. মহানগর দায়রা জজ, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/বরিশাল ও সিলেট।
৩. বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত (সকল), -----।
৪. বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল (সকল) -----।
৫. বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল (সকল), -----।
৬. বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল (সকল), -----।
৭. বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল (সকল), -----।
৮. বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
৯. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

ছক-১

ক্রমিক নং	চাহিত তথ্যাদির বিবরণ
১.	আদালতের নাম :
২.	**আপনার জেলায় প্রশাসনিক কর্মকর্তার পদ শূন্য আছে কিনা- হ্যাঁ/না; টিক (✓) চিহ্ন দিন।
৩.	**প্রশাসনিক কর্মকর্তা কর্মরত থাকলে তিনি ফিডার পদধারী কোন গ্রুপের : নাজির/ সাঁটলিপিকার; টিক (✓) চিহ্ন দিন।
ছক-২ (ফিডার পদধারী প্রত্যেক কর্মচারীর জন্য পৃথক তথ্য দিতে হবে)	
১.	আদালতের নাম :
২.	ফিডার পদধারী কর্মচারীর নাম :
৩.	পদবী :
৪.	নিবাস (নিজ জেলার নাম) :
৫.	জন্ম তারিখ :
৬.	শিক্ষাগত যোগ্যতা (পাসের সনসহ) :
৭.	সরকারি চাকরিতে প্রথম যোগদানের তারিখ ও পদবী :
৮.	ফিডার পদে যোগদানের তারিখ ও পদবি :
৯.	ফিডার পদে চাকরিকাল (বৎসর, মাস ও দিন) :
১০.	বর্তমান পদসহ মোট চাকরিকাল (বৎসর, মাস ও দিন) :
১১.	**প্রার্থী/প্রার্থীদের বিরুদ্ধে কোনো বিভাগীয় মামলা/ফৌজদারী মামলা/দুদকের মামলা নেই বা ইতঃপূর্বে এ ধরনের কোনো মামলায় শাস্তিপ্রাপ্ত নন মর্মে নিয়োগকারী কর্তৃপক্ষ (ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ) কর্তৃক স্বাক্ষরিত সুস্পষ্ট ও আলাদা প্রত্যয়নপত্র (নামযুক্ত সীল ও স্বাক্ষরসহ) :
১২.	মন্তব্য :



(নিয়োগকারী কর্তৃপক্ষের নামযুক্ত সীল ও স্বাক্ষর)

জেষ্ঠতা নির্ধারণ প্রার্থী।

মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের নাম : আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

যে পদে জেষ্ঠতা নির্ধারিত হবে সে পদের নাম :

ক্রমিক নং	কর্তার/তার নাম, জন্ম তারিখ ও বর্তমান পদবি	শিক্ষাপত যোগ্যতা, শিক্ষাপত যোগ্যতা অর্জনের তারিখ	অর্জিত আইজ্ঞতা, তারিখসহ পদের নাম	প্রারম্ভিক পদের নাম এবং উক্ত পদে যোগ্যতার তারিখ (সুপারিশের ক্রমানুসারে)	প্রযোজ্য ক্ষেত্রে বিভাগীয়/ অফিসে/পদীয় উর্ধ্ব হওয়ার তারিখ	এক্সেল নিয়োগপ্রাপ্ত হয়ে থাকলে এক্সেল যোগ্যতার তারিখ, পদের নাম	এক্সেল নিয়োগপ্রাপ্ত হওয়ার তারিখ, নিয়মিতকরণের আময়িক দলিল এবং উর্ধ্বসীমা	এক্সেলের পদ বাহ্যে বাজেটে স্থানান্তরিত পদে নিয়োগের তারিখ	এডহক নিয়োগপ্রাপ্ত হলে এডহক নিয়োগের তারিখ (পদের নামসহ)	এডহক নিয়োগ কর্তৃপক্ষ কর্তৃক নিয়মিতকরণের তারিখ এবং আময়িক বিধির উল্লেখসহ	আত্মীকৃত আর্থিক ক্ষেত্রে পূর্বের চাকরির প্রকৃতি, পদের নাম, চাকরির কালানুক্রমিক ও অর্থিকতার তারিখ	ফিচার পদে বাহ্যে/প্রকৃত যোগ্যতার তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪



(নিয়োগকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও নামযুক্ত সীল)